



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : বাউবি/এসএসএস/এমবিএ/জেনা/০৭(১৬)/২০১৮/৫৬২

তারিখ : ০৭/০৯/২০২০

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/
ফরিদপুর/খুলনা/যশোর/বগুড়া/রংপুর।
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : এমবিএ বাংলা প্রোগ্রামের ভার্চুয়াল ক্লাশ সফটওয়্যারের প্রশিক্ষণ প্রসঙ্গে।

মহোদয়,

করোনা সংকটে জীবন থেমে নেই। তাই অনলাইন ক্লাসের মাধ্যমে বাউবি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য বাউবি জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সে লক্ষ্যে ইতিমধ্যে এমবিএ বাংলা প্রোগ্রামের অনলাইন ক্লাস চালু হয়েছে। অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে Virtual Class Software তৈরি করা হয়েছে। উক্ত সফটওয়্যার বিষয়ে ইতিমধ্যে রাজশাহী ও চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের এমবিএ (বাংলা) প্রোগ্রামের সমন্বয়কারী ও টিউটরদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১০টি আঞ্চলিক কেন্দ্রের অধীন এমবিএ স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরদের প্রশিক্ষণের সময়সূচি নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে।


ক্রম	তারিখ	সময়	অংশগ্রহণকারী	প্রশিক্ষণের মাধ্যমে	প্রশিক্ষণের মেয়াদ
০১	০৯/০৯/২০২০ বুধবার	সন্ধ্যা ৭.৩০	এমবিএ (বাংলা) প্রোগ্রামের ২য় এবং ৩য় সেমিস্টার সমন্বয়কারী ও টিউটরগণ	অনলাইন	১.৩০ ঘণ্টা

উক্ত প্রশিক্ষণে সকল সমন্বয়কারী ও টিউটরদের অংশগ্রহণ অত্যাাবশ্যিক।

এছাড়া ১৮ সেপ্টেম্বর, ২০২০ তারিখ থেকে ২য় ও ৩য় সেমিস্টারের অনলাইন টিউটোরিয়াল সার্ভিস প্রদান করা হবে। সুষ্ঠুভাবে অনলাইন ক্লাস পরিচালনার লক্ষ্যে ক্লাস শুরু আগেই এ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তাই ০৯ তারিখের আগেই সংশ্লিষ্ট ক্লাস রুটিন কোর্স টিউটরের নাম, মোবাইল নম্বর, ইমেইল নম্বর ওপেন স্কুলের এমবিএ প্রোগ্রামের কেন্দ্রীয় প্রোগ্রাম কো-অর্ডিনেটর বরাবর প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য টিউটোরিয়াল ক্লাসের আগেই এমবিএ ৩য় সেমিস্টারের শিক্ষার্থীদের Virtual ক্লাস সফটওয়্যার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ সম্পর্কে বিস্তারিত তথ্য পরে জানানো হবে।

ধন্যবাদসহ

আপনার বিশ্বস্ত,


(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

সদয় অবগতি জন্য অনুলিপি :

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি'র ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৫. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সংরক্ষণ নথি।